গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল।

কলেজ কোড : ৪৮৭৫
বিএমটি কোড : ৫৪০৪৪
জা. বি. কোড : ৫৩২০
EIIN No : 114064

www.ibrahimkhangovcollege.edu.bd, মোবাইল ফোন : ০১৭৯৮৫৪৭৪৩৩

তারিখ : ১২ই শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৭শে জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# একাদশ শ্রেণিতে ভর্তি-আবেদন বিজ্ঞপ্তি

ইব্রাহীম খাঁ সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে নির্ধারিত আসনে (বিজ্ঞান : ৩৬০, মানবিক : ৬১০ এবং ব্যবসায় শিক্ষা : ৫৫০) সহশিক্ষা ভিত্তিতে নিম্ন-বর্ণিত শর্ত-সাপেক্ষে শিক্ষার্থী ভর্তি করা হবে।

**ভর্তির যোগ্যতা :**

ক) যে-কোনো শিক্ষাবর্ষে এসএসসি/সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশের সাল এবং ধারাবাহিকভাবে পূর্ববর্তী দুই সালে দেশের যে-কোনো শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

খ) শিক্ষার্থীরা নিম্ন-বর্ণিতরূপে বিভাগ নির্বাচন করতে পারবে :

i) বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থীরা বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে-কোনো একটি;

ii) মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীরা মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে-কোনো একটি;

iii) মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে-কোনো একটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থীরা মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে-কোনো একটি;

iv) কারিগরি শিক্ষা বোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে-কোনো একটি বিভাগে।

গ) বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য কমপক্ষে GPA 4.00 এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তির জন্য কমপক্ষে GPA 3.00 থাকতে হবে।

- শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে; এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক নির্ধারিত আবেদন ফি জমা প্রদান করে নির্ধারিত ওয়েবসাইট হতে আবেদন করতে হবে।
- **ভর্তির জন্য অনলাইনে আবেদনের সময়-সীমা (১ম পর্যায়) : ৩০/৭/২০২৫ হতে ১১/৮/২০২৫ খ্রিঃ পর্যন্ত।**
- ভর্তির জন্য কোনো বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এসএসসি বা সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষা বোর্ড কর্তৃক ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ও সময় অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ***ক্লাসে নিয়মিত উপস্থিত হতে না পারলে, কলেজ-ড্রেস পরিধানে অনিচ্ছুক হলে কিংবা ধূমপায়ী/মাদকাসক্ত হলে ইব্রাহীম খাঁ সরকারি কলেজে ভর্তি-আবেদন না করার জন্য ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরামর্শ প্রদান করা যাচ্ছে।***
- বিস্তারিত জানার জন্য www.shed.gov.bd হতে একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা ২০২৫ অনুসরণ অথবা ০১৬৮৬৯৯৬৭৩৫ মোবাইল ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

27/7/25
অধ্যক্ষ
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল।
e-mail : ikgc1948@gmail.com